



বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৭৯৭৫, ফ্যাক্স : ৯৫৫৮৫৪৫

ই-মেইল : wparty@mail@gmail.com www.wpbd71.org

২২ জুন ২০২১

শোক বিজ্ঞপ্তি

প্রকাশনা জগতের পথিকৃৎ মহিউদ্দিন আহমেদ -এর
মৃত্যুতে ওয়ার্কার্স পার্টির শোক

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি কমরেড রাশেদ খান মেনন এমপি ও সাধারণ সম্পাদক কমরেড ফজলে হোসেন বাদশা এমপি বাংলাদেশের প্রকাশনা জগতের পথিকৃৎ, ইউনিভার্সিটি প্রেস লিমিটেডের প্রতিষ্ঠাতা ও মহীরুহ মহিউদ্দিন আহমেদ-এর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। নেতৃবৃন্দ বলেন, তিনি আন্তর্জাতিক মান সম্পন্ন গবেষণার ক্ষেত্রে প্রতিষ্ঠিত করার একজন নিবেদিত মানুষ ছিলেন। বাংলাদেশে গবেষণা-ভিত্তিক ইংরেজি বইয়ের প্রকাশনার ধারা তিনি প্রতিষ্ঠা করেছেন। এদেশে বাংলাদেশ বিষয়ে যে সব কাজ হচ্ছে তার সঙ্গে বিশ্বকে পরিচয় করিয়ে দেয়া, একই সঙ্গে সারা পৃথিবীতে বাংলাদেশ বিষয়ে যে সব গবেষণা হচ্ছে তাঁকে বাংলাদেশের পাঠকের হাতে তুলে দেয়া-এটাই তিনি করেছেন সারা জীবন ধরে। এক বাক্যে যত সহজে তা লেখা যায় সেই কাজ করা যে কতটা কঠিন সেটা কেবল তাঁর কাজের প্রভাব থেকেই উপলব্ধি করা সম্ভব। তাঁর মৃত্যুতে এদেশের প্রকাশনা জগতের ক্ষেত্রে বড় ধরনের শূন্যতা সৃষ্টি হবে। নেতৃবৃন্দ শোকসন্তপ্ত পরিবারের প্রতিও গভীর সমবেদনা জানিয়েছেন।

বার্তা প্রেরক

(কামরুল আহসান)